দৈনিক ইত্তেফাক
15 JAN 2017

# মির্জাপুরে বিনামূল্যের বই পেল ৮০ হাজার ছাত্র-ছাত্রী

বিনামূল্যের বই পেয়েছে প্রায় ৮০ হাজার ছাত্র-ছাত্রী। উপজেলা প্রশাসন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও প্রাথমিক শিক্ষা অফিসের সার্বিক সহযোগিতায় এ বছর কোনো ঝামেলা ছাড়াই ছাত্র-ছাত্রীরা বছরের প্রথম মাসে হাতে বই পেয়ে তাদের আনন্দের কথা জানিয়েছে

মির্জাপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

মির্জাপুরে বিনামূল্যের বই পেয়েছে প্রায় ৮০ হাজার ছাত্র-ছাত্রী। উপজেলা প্রশাসন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও প্রাথমিক শিক্ষা অফিসের সার্বিক সহযোগিতায় এ বছর কোনো ঝামেলা ছাড়াই ছাত্র-ছাত্রীরা বছরের প্রথম মাসে হাতে বই পেয়ে তাদের আনন্দের কথা জানিয়েছে। শনিবার উপজেলা পরিষদ চত্বরে গিয়ে দেখা গেছে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ও শিক্ষকরা গোডাউন থেকে ভ্যান, ঠেলাগাড়ি ও পিকআপ ভ্যান নিয়ে বিভিন্ন শ্রেণির বই নিয়ে যাচ্ছে।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. জাকির হোসেন মোল্লা জানান, উপজেলায় ১৪টি মাদ্রাসা ও ৫৯টি মাধ্যমিক বিদ্যালয় রয়েছে। ২০১৬ সালের মার্চ এপ্রিলের দিকে প্রায় ৩৪ হাজার ছাত্র-ছাত্রীর বইয়ের চাহিদা শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছিল। গত বছরের ডিসেম্বর মধ্যে অধিকাংশ বই এসেছে এবং চাহিদা মোতাবেক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বই প্রেরণ করা হয়েছে। বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার প্রায় ৩৪ হাজার ছাত্র-ছাত্রী বিনামূল্যে সরকারি বই ইতোমধ্যে হাতে পেয়েছে বলে তিনি জানিয়েছেন।

অপর দিকে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. খলিলুর রহমান জানান , ২০১৬ সালের মার্চ এপ্রিল মাসে একটি পৌরসভা ও ১৪টি ইউনিয়নের বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়, কিন্ডার গার্টেন ও এবতেদায়ী মাদ্রাসার প্রায় ৪৬ হাজার শিশু কিশোরের তালিকা সংগ্রহ করে বইয়ের চাহিদা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছিল। গত বছরের ডিসেম্বরের মধ্যে অধিকাংশ বই পৌঁছেছে এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের কাছে প্রেরণ করা হয়েছে। বছরে প্রথম সপ্তাহে উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়, এবতেদায়ী মাদ্রাসা ও কিন্ডার গার্টেনের প্রায় ৪৬ হাজার শিশু-কিশোর বিনামূল্যে সরকারি বই হাতে পেয়েছে বলে তিনি জানিয়েছেন।

এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার ইসরাত সাদমিন বলেন, শিক্ষা মন্ত্রণালয় এবং প্রশাসনের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও পরিচালনা পরিষদের সদস্যদের সার্বিক সহযোগিতায় সুষ্ঠুভাবে বছরের প্রথম মাসে ছাত্র-ছাত্রীদের হাতে বই তুলে দেওয়া হয়েছে।